দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ...DEC. ২ ২ 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫......

# 'দ্বৈত শিক্ষা ব্যবস্থা দ্বৈত সমাজ তৈরী করিতেছে'

বাসস ॥ বিশিষ্ট বক্তারা গত সোমবার সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে একটি আদর্শ প্রজন্ম গড়িয়া তোলার লক্ষ্যে সর্বাত্মক প্রয়াস নেওয়ার আহ্বান জানাইয়াছেন। এদিন এক গোল টেবিল বৈঠকে ১৪ জন বিশিষ্ট ব্যক্তি এ আহ্বান জানান। বৈঠকে উদ্যোক্তা সংগঠন বিআইডিএস-এর মহাপরিচালক অর্থনীতিবিদ আবু আহমেদ আব্দুল্লাহ আলোচনার সূচনা করেন। নূতন শতাব্দীতে বাংলাদেশ শীর্ষক গোল টেবিল বৈঠকে অর্থনীতি, সমাজ, আইন, খাদ্য, কৃষি, প্রযুক্তি, শিল্প, ব্যবসা প্রভৃতি বিষয়ে বক্তব্য রাখেন সংশ্লিষ্ট (৭ম পৃঃ দ্রঃ)

## দ্বৈত শিক্ষা ব্যবস্থা

(৩য় পৃঃ পর)

বিশেষজ্ঞরা। বক্তারা রাজনীতির দুর্বৃত্তায়ন, সর্বব্যাপী সন্ত্রাস, সামাজিক অবক্ষয়, আইন প্রয়োগে মন্থরতা, নারীর ক্ষমতায়ন, আর্থিক খাতের দুর্নীতি ইত্যাদি বিষয়ে বক্তব্য রাখেন।

সেন্টার ফর পলিসি ডায়লগের চেয়ারম্যান রেহমান সোবহান বলেন, সিভিল সোসাইটিকে ঘরে বসিয়া থাকিলে চলিবে না। নির্বাচনী এলাকায় গিয়া বলিতে হইতে অমুক দুর্নীতিবাজ, তাহাকে ভোট দিবেন না। আমরা রাজনীতিতে সন্ত্রাস-দুর্নীতির কথা বলি। কিন্তু ভুলিয়া যাই রাজনীতি এখন বিত্তশালীদের খেলা। বিত্তশালীরাই শুধু সংসদে যায়। ৭০ ও ৯৬ সালের সংসদের দিকে তাকাইলেই পার্থক্যটা বোঝা যায়।

রেহমান সোবহান বলেন, আমাদের দেশে দ্বৈত শিক্ষা ব্যবস্থা প্রচলিত। যা দ্বৈত সমাজ তৈরী করিতেছে। যেহেতু ইংলিশ মিডিয়াম স্কুল বন্ধ করা যাইবে না, তাই শিক্ষার মান বাড়াইতে হইবে।

প্রবীণ আইনজীবী ব্যারিষ্টার ইশতিয়াক আহমদ বলেন, পুলিশের ক্ষমতা প্রয়োগ মানে জননিরাপত্তা, সামাজিক, স্বাস্থ্য ও নৈতিকতার উত্থান। কিন্তু আমাদের দেশে উল্টাটা ঘটিতেছে। রাজনীতির দুর্বৃত্তায়নের মাধ্যমে আজ ক্ষমতার অপব্যবহার করা হইতেছে।

বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক মোজাফফর আহমদ বলেন, ৪৭ সালের পর শিক্ষা ব্যবস্থা নিয়াই প্রথম কমিশন গঠিত হইয়াছিল। কিন্তু ইহার পরও শিক্ষা নিয়া কাহারো দূরদর্শী পরিকল্পনা নাই।

বিশিষ্ট অর্থনীতিবিদ ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, বিশ্ব অর্থনীতিতে কখনো বর্তমানের মত এত প্রাচুর্য ও এত দারিদ্র্য একসঙ্গে ছিল না। সিয়াটলে এ দ্বন্দ্বের প্রকাশ ঘটিয়াছে এবং ইহা চলিবে। ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, দুর্নীতিবাজ, ঋণ খেলাপীরা আজ ট্রেড ইউনিয়ন, বণিক সমিতি, রাজনৈতিক দলগুলির নেতৃত্বে আসিতেছে।

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর খোন্দকার ইব্রাহীম খালেদ বাংলাদেশের ব্যাংকিং খাতের ঋণ পরিস্থিতির ভয়াবহতার চিত্র তুলিয়া ধরেন।

অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, বর্তমানের পোশাক শিল্প যেমন, ভবিষ্যতে সফটওয়্যার শিল্পও তেমনি হইতে পারে।

প্রথম আলোর যৌথ উদ্যোগে আয়োজিত এই গোলটেবিল বৈঠকে আরও বক্তব্য রাখেন ব্রাকের নির্বাহী পরিচালক ফজলে হাসান আবেদ, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান কামরুল ইসলাম সিদ্দিক, এনজিও ব্যক্তিত্ব তাহেরুন্নেছা আবদুল্লাহ, ...সির গবেষণা পরিচালক ...আসাদুজ্জামান ও ডঃ জায়েদ